## জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ৫০ নয়া পয়সা। ২৲ দুই টাকার কম মূল্যে কোন বিজ্ঞাপন প্রকাশিত হয় না। স্থায়ী বিজ্ঞাপনের দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়।

ইংরাজী বিজ্ঞাপনের চার্জ্জ বাংলার দ্বিগুণ

সডাক বাষিক মূল্য ২৲ টাকা ২৫ নয়া পয়সা

নগদ মূল্য ছয় নয়া পয়সা

শ্রীবিনয়কুমার পণ্ডিত, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ

Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

## বহরমপুর এক্সরে ক্লিনিক

জল গম্বুজের নিকট

পোঃ বহরমপুর ঃ মুর্শিদাবাদ

জেলার প্রথম বেসরকারী প্রচেষ্টা

★ বিশেষ যত্ন সহকারে রোগিদের এক্সরের সাহায্যে রোগ পরীক্ষা করিয়া ব্যবস্থা করা হয়।

★ যথা সত্বর কাজ করা আমাদের বিশেষত্ব।

★ কলিকাতার মত এক্সরে করা হয়।

★ দিবারাত্রি খোলা থাকে।

জেলাবাসীর সহানুভূতি ও সহযোগিতা প্রার্থনীয়।

৪৫শ বর্ষ } রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—৩১শে আষাঢ় বুধবার ১৩৬৫ ইংরাজী 16th July. 1958 { ৯ম সংখ্যা

২৫শে আষাঢ় ১৮৮০ শকাব্দ




ওরিয়েন্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ লিঃ ৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা ১২

C. P. SERVICE

হাতে কাটা

বিশুদ্ধ পৈতা

পণ্ডিত-প্রেসে পাইবেন।

মনোমত

সুন্দর, সস্তা আর মজবুত

জিনিষ যদি চান তা হ'লে

আরতির

## "রাণী রাসমণি"

শাড়ী ও ধুতি কিনুন।

কাপড়কে সব দিক থেকে আপনাদের পছন্দমত করার সকল যত্ন সত্ত্বেও যদি কোন ত্রুটি থাকে, তাহ'লে দয়া ক'রে জানাবেন, বাধিত হ'ব এবং ত্রুটি সংশোধন করবো।

## আরতি কটন মিলস্ লিঃ

দাশনগর, হাওড়া।

দূরের মানুষ কাছে হয়

ফটো যদি সঙ্গে রয়

রঘুনাথগঞ্জ থানার উত্তরে শ্রীঅরুণ ব্যানার্জ্জীর ষ্টুডিওতে অনুসন্ধান করুন।

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

জঙ্গিপুর সংবাদ

৩১শে আষাঢ় বুধবার সন ১৩৬৫ সাল।

## মেহেরপুরে মেহেরবাণী

—•—

আমরা গত সপ্তাহে পাকিস্থানের প্রধান মন্ত্রী ফিরোজ খান নুনের ভারতের প্রতি মেহেরবাণীর কথা উল্লেখ করিয়াছি। তিনি থাকিতে ভারতের সহিত পাকিস্থানের যুদ্ধ বিগ্রহ হইবে না, এ ভরসা তিনি জোর গলায় দিয়াছেন। ১২ই জুলাই কাগজে কাগজে বাহির হইয়াছে— নদীয়া সীমান্তের অপরদিকে পাকিস্থানী সৈন্য সমাবেশ এবং মেহেরপুর অঞ্চলে পরিখা খনন করা হইয়াছে। সংবাদে আরও বলা হইয়াছে, সীমান্তের অপর দিকে সৈন্যদের অবস্থানের জন্য, কয়েকটি স্কুল ভবন ও একটি হিন্দুগৃহ (মেহেরপুরের মল্লিক বাড়ী) রিকুইজিশান করা হইয়াছে। পূর্ব্ববঙ্গের কুষ্টিয়া জেলার চুয়াডাঙ্গাতেও পাকিস্থানী সৈন্য মোতায়েন করার সংবাদ পাওয়া গিয়াছে। তবে কি বুঝিতে হইবে নুন সাহেব নাই? কিংবা আমাদের বুঝিতে হইবে—যে উনি যা বলেন তা করেন না, আর যা করেন তা বলেন না।

## নাটকীয় অভিনয় আর প্রকৃত ঘটনা এক নয়।

—•—

আমরা সব নেতাদেরই ভাষণের বাগাড়ম্বর শুনে হাততালি দিই, কিন্তু তিনি যে ভূমিকা লইয়া বক্তৃতা করিতেছেন, তার ষোল কড়াই কানা। আমাদের দশ এগার বৎসরে স্বাধীনতার স্বাদ পাওয়ার পর যত আশা আশ্বাসের কথা দেশের কর্ত্তা ব্যক্তিদের কাছে পেয়েছি তার এক আনা অংশ কাজে পাইয়াছি কি? অথচ শোনা গেল ইংরাজ যাবার সময় যত টাকা দিয়া গিয়াছিল তা সব চিচিং ফাঁক। আজ দেশে স্থানে স্থানে খাদ্যাভাবে কত লোক আত্মহত্যা করিতেছে অথচ কেন্দ্রীয় খাদ্যমন্ত্রী শ্রীঅজিতপ্রসাদ জৈনী ১১ই জুলাই এলাহাবাদে ঘোষণা করেন "পরবর্ত্তী শস্য না আসিয়া পৌছা পর্য্যন্ত যে কোন অবস্থার সম্মুখীন হইবার মত যথেষ্ট খাদ্যশস্য কেন্দ্রীয় সরকারের নিকট মজুত আছে।" তিনি বলেন—এখানে ওখানে অসুবিধা হইতে পারে, কিন্তু আমরা স্থির নিশ্চিত সমস্যার উপযুক্ত সমাধান হইবে। এই ভাষণে দেশের ক্ষুন্নিবৃত্তি না হইলে তিনি কি করিবেন?

## এক যাত্রার দলের কুবের এর কথা শুনুন

—•—

যাত্রার আসরে কুবের (ধনাধ্যক্ষ যক্ষরাজ) বহু-মূল্য পরিচ্ছদে সজ্জিত হইয়া তাঁহার ভাণ্ডারস্থিত ধনরত্নাদির শ্লাঘাপূর্ণ ভাষণ দিয়া রাত্রিতে খুব বাহবা নিলেন। যাত্রা রাত্রেতেই শেষ হয়ে গেল। পরদিন প্রাতে রাত্রের সেই কুবের একখানা ময়লা কাপড় ও ছেঁড়া গেঞ্জি গায়ে দিয়া বক্‌বক্ করিয়া যাত্রার দলের ম্যানেজারকে উদ্দেশ করিয়া গালি দিতে দিতে চলিয়াছে, পথের লোকে তাহাকে বলিল—আপনি তো কাল কুবের সাজিয়াছিলেন, আজ কোথা গিয়াছিলেন? রাত্রের কুবের বলিল—মশায় সকালবেলা জলখাবার মুড়ির জন্য ⁄১০ পয়সা দেয়। তাতে হয়না মশায়, বল্লাম ৵০ আনা না দিলে কিছু হয় না। শালা বলে কি না হয় দল ছেড়ে চলে যা।' দলের অধিকারী এসে ⁄১৫ সাত পয়সা দিতে বল্লে তখন সুড়্ সুড়্ করে দিল। জানি না আমাদের যাত্রাদলের ঠিক এমন দশা না হলেও প্রায় অনেকটা মিলে।

ভারতের প্রাক্তন ধনমন্ত্রী কৃষ্ণমাচারী কত কিস্মত দেখালেন। কত ওলট পালট এই যে নয়া পয়সার জন্য বাজারে প্রায় বাক্‌যুদ্ধ শোনা যায় তা তাঁরই আমলের কীর্ত্তি এখন তিনি রাত্রের কুবেরের মত কোথায় কোন্ অবস্থায় আছেন কে জানে?

শোনা যাচ্ছে পাকিস্থানে খুব কষ্ট তবুও দেখুন তারা ভারত সীমান্তে সৈন্য সমাবেশ করছে। আমরা দর্শক ভিন্ন অন্য কিছু নই। যা হবে হউক। একটা পুরাতন গল্প শুনুন—

এক উকিলবাবুর ছেলে গ্রামের উচ্চ প্রাথমিক স্কুলে পড়ে। শিক্ষক মহাশয় পাঠ্য পুস্তক অনুসারে তাকে পড়িয়েছেন—সূর্য্য প্রত্যহ প্রাতে পূর্ব্বদিকে উদয় হইয়া পশ্চিমদিকে অস্ত যায়। খোকা বাবার কাছে তাই পড়ছে। উকিলবাবু ছেলেকে বল্লেন—খোকা তোদের পণ্ডিতকে বলিস্—সূর্য্য ঘোরে না, সূর্য্য একস্থানে স্থির থাকে। পৃথিবী সূর্য্যের চারিদিকে ঘোরে মনে হয় যেন সূর্য্য ঘুরছে। খোকা পাঠশালায় গিয়ে পণ্ডিতের কাছে এই কথা বলায়, পণ্ডিত মশায় তাকে বল্লেন—বাবা তোমার বাবা এম-এ, বি-এল, আমি অত লেখাপড়া জানি না। তুমি তোমার বাবাকে আমার নাম করে বলো—পাণ্ডিত মহাশয় বলেছেন—সূর্য্য ঘোরে, সূর্য্য ঘুরুক, পৃথিবী ঘোরে, পৃথিবী ঘুরুক। তোমার বাবা মাসে বারো আনা পয়সার জন্য আমাকে যত ঘুরায় তা অসহ্য। যে ঘোরে সে ঘুরুক আমাকে যেন না ঘোরান। আমাদেরও সেই কথা—আমরা দুটি ডাল ভাত খেয়ে বেঁচে থাকতে চাই, তা দেশে যা ঘটবে ঘটুক। আমরা দুটো দানার কাঙাল। উচ্চ প্রাথমিক শিক্ষক তাঁর ছাত্রকে ভুল শিখান কিন্তু আমাদের ঠিক শিখিয়েছেন—যে ঘোরে সে ঘুরুক আমরা না ঘুরি।

---

## ভারতে কয়লা উৎপাদন বৃদ্ধির প্রচেষ্টা

কেন্দ্রীয় ইস্পাত, খনি ও জ্বালানি মন্ত্রী সর্দার শরণ সিং-এর সভাপতিত্বে ভারতীয় কয়লা পরিষদের বৈঠকে তৃতীয় পরিকল্পনায় এদেশে কয়লা উৎপাদনের পরিমাণ বৃদ্ধি করিয়া ১০ কোটি টন করা হইবে বলিয়া সাময়িকভাবে স্থির হয়। প্রেঃ ইঃ ব্যুঃ

---

## ঘাটের অসুবিধা

রঘুনাথগঞ্জ ডোমপাড়া ফেরীঘাটে মাল বোঝাই মোটর ট্রাক প্রায়ই উল্টাইয়া যাইতেছে। পারাণীর পয়সা লইয়াও ইজারদার গোলমাল করিতেছে বলিয়া প্রকাশ। এই বিষয়ে কর্ত্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করিতেছি।

---

## গ্রামাঞ্চলে বৈদ্যুতিকীকরণ পরিকল্পনা

১৯৬১ সালের ৩১শে মার্চ তারিখের মধ্যে ভারতের ১০,০০০টি গ্রামের বৈদ্যুতিকীকরণের কাজ সম্পূর্ণ হইবে বলিয়া আশা করা যায়। দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনাকালে বিদ্যুৎ উৎপাদন পরিকল্পনা সমূহের জন্য ৪২৭ কোটি টাকা বরাদ্দ হইয়াছে এবং গ্রামাঞ্চলে বৈদ্যুতিকীকরণের জন্য তন্মধ্যে ৭৫ কোটি টাকা ব্যয় নির্দ্দিষ্ট হইয়াছে।

—প্রেঃ ইঃ ব্যুঃ

## মহাত্মা গান্ধীর রচনা সঙ্কলন

ভারত সরকার এক আবেদন প্রচার করিয়া বলিয়াছেন যে, যদি কাহারও নিকট মহাত্মা গান্ধীর লেখা কোন চিঠিপত্র থাকে কিংবা আর কাহারও নিকট এইরূপ চিঠিপত্র রহিয়াছে বলিয়া তাঁহার জানা থাকে তবে তিনি যেন অবিলম্বে কেন্দ্রীয় ফিল্ম সেন্সার বোর্ডের আঞ্চলিক অফিসার শ্রী এ, কে, সেনের সহিত যোগাযোগ করেন। তাঁহার অফিসের ঠিকানা ১২ নং ডালহৌসী স্কোয়ার ইষ্ট, কলিকাতা-১। শ্রীসেনের অফিসের ফোন নম্বর ২২-৪৪৯৮; বাড়ীর ফোন নম্বর ৪৫-১৫৪৭।

## অধ্যবসায়ের পুরস্কার

বোলপুর কলেজের গণিতশাস্ত্রের অধ্যাপক শ্রীশৈলেন্দ্রনাথ সিদ্ধান্তের প্রথমা কন্যা শ্রীমতী নমিতা রায়চৌধুরী এ বৎসর প্রাইভেট পরীক্ষার্থিনী হিসাবে আই-এ পরীক্ষায় প্রথম বিভাগে পাশ করার গৌরব অর্জ্জন করিয়াছেন। সংবাদ লইয়া জানা গিয়াছে যে, উক্ত মহিলা বর্ত্তমানে পাঁচ সন্তানের জননী। স্থানীয় এক্সসাইজ (কেন্দ্রীয়) ইন্সপেক্টরের স্ত্রী শ্রীমতী জগদ্ধাত্রী কুণ্ডু সংসারের প্রাত্যহিক কাজকর্ম্মে থাকিয়া বোলপুর কলেজ হইতে এ বৎসর আই-এ পরীক্ষায় প্রথম বিভাগে উত্তীর্ণা হইয়াছেন। উক্ত মহিলাও দুই পুত্রের জননী। ঘর-সংসারের কাজে থাকিয়া কেবলমাত্র অধ্যবসায় ও নিষ্ঠা দিয়া উপরিউক্ত মহিলাদ্বয় যেভাবে কৃতিত্বের সহিত পরীক্ষায় উত্তীর্ণা হইয়াছেন, তাহা বহু সংসারী মহিলার বিদ্যানুরাগে প্রেরণা জাগাইবে।

—'বীরভূম-বাণী'

## হিন্দু বালককে মুসলমানী করার অপরাধে দণ্ডিত

রামপুরহাটের প্রথম শ্রেণীর ম্যাজিষ্ট্রেট শ্রী এন, সি, বড়ুয়ার আদালতে ১২ বৎসর বয়স্ক বালক শ্রীতারাপদ দাসকে (মুচী) ফুসলাইয়া সুন্নত করার অভিযোগে ১। রহমতল্লা ২। সাত্তার হাজেম এবং ৩। দোখলবাটী ইউনিয়ন দফাদার আবদুল রসিদ গত ২৩।৬।৫৮ তারিখে যথাক্রমে ১২, ১৬ এবং ৮ মাস সশ্রম কারাদণ্ডে দণ্ডিত হইয়াছে।

## বনমহোৎসব

বিগত ১লা জুলাই মঙ্গলবার জঙ্গিপুরের মহকুমা শাসক শ্রীসুধীন্দু চৌধুরী মহাশয় ফৌজদারী আদালত প্রাঙ্গণে একটী বৃক্ষ রোপণ করেন। এই উৎসবে স্থানীয় সরকারী কর্ম্মচারিগণ ও সহরের ভদ্রমহোদয়-গণ উপস্থিত ছিলেন। বৃক্ষ সংরক্ষণ ও অযথা বৃক্ষ-ছেদন না করার বিষয় আলোচনা করা হয়।

বিগত ৭ই জুলাই সোমবার সাগরদীঘি থানার মণিগ্রাম ইউনিয়নের চাঁদপাড়া গ্রামে মাননীয় জেলা শাসক মহোদয়ের সভাপতিত্বে বনমহোৎসব অনুষ্ঠান অনুষ্ঠিত হইয়াছে। উক্ত সভায় জঙ্গিপুরের মহকুমা শাসক ও সাগরদীঘি থানা সমাজ উন্নয়ন অফিসার ও স্থানীয় বহু ভদ্রলোক উপস্থিত ছিলেন। চাঁদপাড়া গ্রামে একটী সমাজ শিক্ষা কেন্দ্র কুটীর স্থাপিত হইয়াছে। জেলা শাসক মহোদয় তাঁহার ভাষণে বলেন বৃক্ষ বা জঙ্গল ছাড়া সাঁওতালগণ থাকে না। এখানে উহা নাই বলিলেই হয়। তিনি আদিবাসীদের নিজ হস্তে বৃক্ষ রোপণ করিতে ও এখানে সরকারী পরিকল্পনায় যে জঙ্গল তৈয়ারী হইতেছে তাহাতে সহযোগিতা করিতে উপদেশ দেন।

## উদ্বাস্তুদের কর্ম্মসংস্থানের জন্য পশ্চিমবঙ্গে শিল্প স্থাপন

ভারত সরকার উদ্বাস্তুদের কর্ম্মসংস্থানের জন্য পশ্চিমবঙ্গে বহু শিল্প সংস্থানের সিদ্ধান্ত করিয়াছেন। সরকার আংশিকভাবে পুনর্বাসিত উদ্বাস্তু ও অন্যান্য উদ্বাস্তুদের কর্ম্মসংস্থানের জন্য মাঝারি, ছোট ও কুটীর শিল্প স্থাপনকে অগ্রাধিকার দিতে সিদ্ধান্ত করিয়াছেন। উদ্বাস্তু উপনগরী, কলোনী বা কয়েকটি জবরদখল কলোনীর মত যে সব স্থানে অধিক সংখ্যক উদ্বাস্তু বসবাস করিতেছেন সেইখানে এই শিল্পগুলি স্থাপিত হইবে।

প্রেঃ ইঃ ব্যুঃ



## জঙ্গিপুর কলেজ

### (গভর্ণমেণ্ট স্পনসর্ড)

আই-এ, আই, এস-সি, বি-এ প্রথম, ও তৃতীয় শ্রেণীতে ছাত্র-ছাত্রী ভর্ত্তি আরম্ভ হইয়াছে। আসন সংখ্যা নির্দ্দিষ্ট।

মনোরম ছাত্রাবাস। পরীক্ষার ফল ধারাবাহিক সন্তোষজনক। ছাত্র ও অধ্যাপকের ব্যক্তিগত যোগাযোগ। অনগ্রসর ছাত্রের প্রতি ব্যক্তিগত মনোযোগ। মেধাবী দরিদ্র ছাত্রের সুযোগ ও সুবিধা। বিশদ বিবরণের জন্য প্রিন্সিপ্যালের নিকট আবেদন করুন। অন্যান্য জ্ঞাতব্য 'নোটীশ' বোর্ডে দ্রষ্টব্য।


## নিলামের ইস্তাহার

### চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত

### নিলামের দিন ১১ই আগষ্ট ১৯৫৮

১৯৫৮ সালের ডিক্রীজারী

৫৪ খাং ডিঃ মনোহর দাস মহান্ত দেং শ্যামাপদ রায় দিং দাবি ৮৭ টাকা ৪৭ নঃ পঃ থানা রঘুনাথগঞ্জ মৌজে কৃষ্ণসাইল ৮০১ শতকের কাত ১৯৶৫ আঃ ১০৲ খং ৯৫

৫৬ খাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৪৮ টাকা ৮৫ নঃ পঃ থানা ঐ মৌজে পিয়ারাপুর ১১৮৯ শতকের কাত ৮।৶২ আঃ ১৫৲ খং ২৭১

৫৫ খাং ডিঃ ঐ দেং লোকমান বিশ্বাস দাবি ৪৪ টাকা ৯৬ নঃ পঃ মৌজাদি ঐ ২৯৫ শতকের কাত ৫৮/৬ তন্মধ্যে দেন্দারের অর্দ্ধাংশ আঃ ১০৲ খং ৮৩



বিশ্বস্ততার প্রতীক

গত আশী বছর ধরে জবাকুসুম কেশ তৈল প্রস্তুতকারক হিসাবে সি, কে, সেনের নাম সবাই জানেন তাই খাঁটী আমলা তেল কিনতে হলে সি, কে, সেনের আমলা তেল কিনতে ভুলবেন না। সি, কে, সেনের আমলা তেল কেশবর্দ্ধক ও স্নায়ু স্নিগ্ধকর।

সি, কে, সেনের

**আমলা** কেশ তৈল

সি, কে, সেন এণ্ড কোং প্রাইভেট লিঃ
জবাকুসুম হাউস, কলিকাতা-১২





## দি আর্ট ইউনিয়ন প্রিণ্টিং ওয়ার্কস

৫৫।৭, গ্রে ষ্ট্রীট, পোঃ বিডন ষ্ট্রীট, কলিকাতা—৬

টেলিগ্রাম : "আর্ট ইউনিয়ন" টেলিফোন : বড়বাজার ৪১১

প্রাথমিক, মধ্য ও উচ্চ বিদ্যালয়ের
যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং
বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি ইত্যাদি
ও
ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়,
কো-অপারেটিভ রুর‍্যাল সোসাইটী, ব্যাঙ্কের
যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি

সর্ব্বদা সুলভ মূল্যে পাওয়া যায়

* * *

রবার ষ্ট্যাম্প অর্ডারমত যথাসময়ে প্রস্তুত ও ডেলিভারী হয়



আমেরিকায় আবিষ্কৃত

## ইলেকট্রিক সলিউসন

— দ্বারা —

## মরা মানুষ বাঁচাইবার উপায়ঃ—



আবিষ্কৃত হয় নাই সত্য কিন্তু যাঁহারা জটিল রোগে ভুগিয়া জ্যান্তে মরা হইয়া রহিয়াছেন, স্নায়বিক দৌর্ব্বল্য, যৌবনশক্তিহীনতা, স্বপ্নবিকার, প্রদর, অজীর্ণ, অম্ল, বহুমূত্র ও অন্যান্য প্রস্রাবদোষ, বাত, হিষ্টিরিয়া, সূতিকা, ধাতুপুষ্টি প্রভৃতিতে অব্যর্থ পরীক্ষা করুন! আমেরিকার সুবিখ্যাত ডাক্তার পেটাল সাহেবের আবিষ্কৃত তড়িৎশক্তিবলে প্রস্তুত ইলেকট্রিক সলিউসন' ঔষধের আশ্চর্য্য ফল দেখিয়া মন্ত্রমুগ্ধ হইবেন। প্রতি বৎসর অসংখ্য মুমূর্ষু রোগী নবজীবন লাভ করিতেছে। প্রতি শিশি ১৷৷০ টাকা ও মাশুলাদি ১৷/০ এক টাকা তিন আনা।

সোল এজেণ্ট :—ডাঃ ডি, ডি, হাজরা
ফতেপুর, পোঃ—গার্ডেনরিচ, কলিকাতা—২৪



## অরবিন্দ এণ্ড সন্স

মহাবীরতলা পোঃ জঙ্গিপুর ( মুর্শিদাবাদ )

ঘড়ি, টর্চ, ফাউণ্টেন পেন, চশমা, সেলাই মেসিনের পার্টস্, সাইকেলের পার্টস্ এখানে নূতন কিনিতে পাইবেন।

এখানে সকল প্রকার সেলাই মেসিন, সাইকেল, ফটো-ক্যামেরা, ঘড়ি, টর্চ, টাইপ রাইটার, গ্রামোফোন ও যাবতীয় মেসিনারী সুলভে সুন্দররূপে মেরামত করা হয়। পরীক্ষা প্রার্থনীয়


রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্তৃক
সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত